

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৪৭

তারিখঃ ২৩/০১/২০২০খ্রিঃ

বিষয়ঃ মাঠ পর্যায়ে নিবিড় পরিদর্শনের স্বার্থে সকল উপজেলায় ঋণ বিতরণের জন্য সুনির্দিষ্ট দিন/বার নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির মাধ্যমে মাঠপর্যায়ে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। ঋণ নীতিমালা অনুযায়ী বিতরণকৃত ঋণ সাপ্তাহিক কিস্তিতে আদায় করার বাধ্যবাধকতা থাকলেও কর্মকর্তাগণ নিয়মিত মাঠ পরিদর্শন না করার কারণে মাঠসংগঠক কর্তৃক কিস্তি আদায়ের জন্য নিয়মিত সমিতিতে গমন করেন না, ফলে কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ বৃদ্ধি পায়। তাছাড়া মাঠসংগঠক কর্তৃক সমিতি হতে আদায়কৃত অর্থ ব্যাংক হিসাবে জমা না দিয়ে হস্তমজুদ/আল্লাসাত করেন। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) এর একান্ত ইচ্ছা থাকা সত্ত্বেও সপ্তাহের প্রায় প্রতিদিন বিক্ষিপ্তভাবে ঋণ বিতরণ থাকায় নিবিড়ভাবে মাঠ পরিদর্শন ও তদারকি করার জন্য যথেষ্ট সুযোগ থাকে না। এক্ষেত্রে উপজেলায় সপ্তাহে ১/২ দিন ঋণ বিতরণের জন্য সুনির্দিষ্ট করা সম্ভব হলে সপ্তাহের অবশিষ্ট দিনসমূহে নিবিড়ভাবে মাঠ পরিদর্শন নিশ্চিত করা সম্ভব হবে এবং একইসাথে ঋণ বিতরণ কার্যক্রমে শৃঙ্খলা সুনিশ্চিত হবে।

এমতাবস্থায়, মাঠ পর্যায়ে নিবিড় পরিদর্শনের স্বার্থে জেলার উপপরিচালকগণকে তাঁর জেলাধীন কর্মসূচিভূক্ত সকল উপজেলায় ঋণ বিতরণের জন্য সুনির্দিষ্টভাবে সপ্তাহের ১/২ দিন নির্ধারণপূর্বক কর্মসূচি সদর দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
০২-৮১৮০১৪৪

উপপরিচালক

বিআরডিবি... (কর্মসূচিভূক্ত সকল জেলা)।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-

তারিখঃ ২৩/০১/২০২০খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৭. অফিস নথি/ গার্ড ফাইল।

আল-আমিন
সহকারী পরিচালক (ইরেসপো)